

💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১৯৪

১/ বিবিধ

আরবী

جاءني جبريل فلقنني لغة أبي إسماعيل منكر

رواه أبو نعيم في " أخبار أصبهان " (1/117) معلقا عن أحمد بن يحيى بن الحجاج الجرواآني عن عمرو بن علي: حدثنا عبد الرحمن بن مهدي عن مالك بن أنس عن نافع

عن ابن عمر قال

قال عمر: يا نبي الله مالك أفصحنا؟ فقال النبي صلى الله عليه وسلم: فذكره وقال في أحمد هذا

حدث بمناكير، وهذا من مناكير حديثه

قلت: ومن مناكيره ما سيأتي بلفظ: (من كسح مسجدا ...)

বাংলা

১১৯৪। জীবরীল আমার নিকট এসে আমার পিতা ইসমাঈলের ভাষা বুঝিয়ে দিয়েছেন।

হাদীসটি মুনকার।

হাদীসটি আবু নুয়াইম "আখবারু আসবাহান" গ্রন্থে (১/১১৭) আহমাদ ইবনু ইয়াহইয়া ইবনিল হাজ্জাজ আল-জারওয়াআনী সূত্রে আমর ইবনু আলী হতে, তিনি আব্দুর রহমান ইবনু মাহদী হতে, তিনি মালেক ইবনু আনাস হতে, তিনি নাফে' হতে, তিনি ইবনু উমার (রাঃ) হতে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ হে আল্লাহর নবী! আপনি কিভাবে আমাদের চেয়ে বেশী বিশুদ্ধভাষী? নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ সময় উক্ত কথা বলেন।



উক্ত বর্ণনাকারী আহমাদ ইবনু ইয়াহইয়া সম্পর্কে আবু নুয়াইম বলেনঃ তিনি মুনকার হাদীস বর্ণনা করেন। এটি সে মুনকার হাদীসগুলোর অন্তর্ভুক্ত।

আমি (আলবানী) বলছিঃ তার আরেকটি মুনকার হাদীস সামনে আলোচিত হবে।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন